

স্মারক:- ইআবি/পরি/অনার্স-অধিভুক্তি/২০১৬/৯৭৯৫

তারিখঃ ০৩ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ
১৮ নভেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ


অফিস আদেশ

পাবনা কামিল মাদরাসা, সদর, পাবনা (PABNA KAMIL MADRASAH, EIIN-125647) এর ফাজিল (অনার্স) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ অধিভুক্তির বিষয়ে অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে অধিভুক্তি কমিটির ৭ম সভার ১.খ সিদ্ধান্তের আলোকে গত ১৭.১০.২০২১ খ্রি. অনুষ্ঠিত অধিভুক্তি কমিটির ৮ম সভার সুপারিশ (আলোচ্যসূচি ও সিদ্ধান্ত-২.ক) এবং ২৬.১০.২০২১ খ্রি. অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৯ম সভার সুপারিশ (আলোচ্যসূচি ও সিদ্ধান্ত-২) ২৭.১০.২০২১ খ্রি. অনুষ্ঠিত সিন্ডিকেটের ১৭তম সভায় অনুমোদনের (আলোচ্যসূচি ও সিদ্ধান্ত-২) পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তে ফাজিল (অনার্স) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ ২১.০৯.২০২১ খ্রি. থেকে ২০.০৯.২০২৫ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত করা হল।

শর্তসমূহ

১. শিক্ষক ও শিক্ষার্থীদের আইসিটি বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
২. শ্রেণিকক্ষে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি ও উপস্থিতি নিশ্চিত করতে হবে।
৩. মাদরাসার সাইনবোর্ডে বাংলার সাথে আরবিতে মাদরাসার নাম ও “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
৪. কলমনার ক্যাশবই যথাযথভাবে পূরণ করত: আয়-ব্যয়ের ভাউচার সংরক্ষণ করতে হবে।
৫. ছাত্র-ছাত্রীদের বিভিন্ন বিষয়ের পাশাপাশি আরবি ও ইংরেজিতে দক্ষ করে গড়ে তুলতে হবে।
৬. বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই দিয়ে বঙ্গবন্ধু কর্নারকে সমৃদ্ধ করতে হবে।
৭. একাডেমিক, প্রশাসনিক ও আর্থিকসহ সকল কার্যক্রম স্পষ্টভাবে বিধি মোতাবেক সম্পন্ন করতে হবে।
৮. অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তি নবায়নের জন্য আবেদন করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে


(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মোবাইল নম্বর- ০১৭১৪-২০২০৬৬

zavedahmad66@gmail.com

অধ্যক্ষ

পাবনা কামিল মাদরাসা

সদর, পাবনা।

স্মারক:- ইআবি/পরি/অনার্স-অধিভুক্তি/২০১৬/৯৭৯৫

তারিখঃ ০৩ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ
১৮ নভেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. পি এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (উপাচার্য মহোদয়ের অবগতির জন্য)।
৫. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. সভাপতি, পাবনা কামিল মাদরাসা, সদর, পাবনা।
৭. অফিস নথি।



(মোঃ আবদুল হান্নান)

সেকশন অফিসার

মোবাইল নম্বর- ০১৮৪২-৮১৬৯২০

ই-মেইলঃ sabbir.iau.bd@gmail.com